



“উন্নয়নের অক্সিজেন রাজস্ব”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মোংলা কাস্টম হাউস, মোংলা।

“জনকল্যাণে রাজস্ব”

ই-মেইল-khulnacustoms@yahoo.com

নথি নং-এস/০৯/প্রশাসন/অফিস আদেশ/মংলা/২০১৬-১৭/

তারিখ :

স্থায়ী আদেশ

যেহেতু রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র শুল্ক স্টেশনের জন্য আমদানিকৃত পণ্য প্রচলিত ব্যবস্থায় মোংলা কাস্টম হাউস, মোংলা এর মাধ্যমে ট্রান্সশিপমেন্ট সুবিধা প্রদান করা হয়; এবং যেহেতু আমদানি পণ্যের Bill of Lading এ Port of Destination এ মোংলা কাস্টম হাউস, মোংলা উল্লেখপূর্বক Port of Discharge রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র শুল্ক স্টেশন উল্লেখ করা হয়; এবং যেহেতু Port of Destination মোংলা কাস্টম হাউস, মোংলা এর বিপরীতে IGM দাখিল হওয়ায় তা Bill of Entry এর বিপরীতে Reconciliation জটিলতর; এবং যেহেতু LCL প্রকৃতির কার্গো হওয়ায় প্রতিটি চালানের বিপরীতে এসকর্ট কর্মকর্তা মনোনয়ন ও এসকর্ট মনিটরিং এ অধিকতর স্বচ্ছতা আবশ্যিক; সেহেতু এ ধরনের ট্রান্সশিপমেন্ট চালানের ঝুঁকি প্রশমন ও অধিকতর স্বচ্ছতা নিশ্চিতকল্পে নিম্নোক্ত আদেশ জারি করা হলো:

- (ক) আমদানিকৃত পণ্য চালানের Bill of Lading এর সাথে দাখিলকৃত আমদানিকারকের আবেদন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন অথবা বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের একজন উপযুক্ত কর্মকর্তার (তবে সহকারী সচিব পদমর্যাদার নিম্নে নয়) স্বাক্ষরে অথবা প্রত্যয়নে দাখিল করতে হবে;
- (খ) দাখিলকৃত আবেদনের ভিত্তিতে ট্রান্সশিপমেন্ট অনুমোদিত হলে দপ্তরে IGM (আমদানি) শাখা কর্তৃক ASYCUDA World System এর IGM মডিউলের Remarks Field এ আবেদন নং, তারিখ এবং Ruppur Nuclear Power Plant LCS এর তথ্য লিপিবদ্ধ করবেন;
- (গ) দাখিলকৃত আবেদনের ভিত্তিতে এসকর্ট কর্মকর্তা নিয়োগকৃত হবে এবং এ দপ্তরের সংশ্লিষ্ট শাখা উক্ত পত্রের অনুলিপি রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র শুল্ক স্টেশনের দাপ্তরিক ই-মেইল ও পত্র যোগাযোগ মাধ্যমে প্রেরণ নিশ্চিত করবেন।
- (ঘ) পণ্যচালানটি রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র শুল্ক স্টেশনে পৌছাবার পর উক্ত চালানের Bill of Lading এর তথ্যসহ এসকর্ট আবেদন যাচাইয়াত্তে উক্ত Bill of Lading এর বিপরীতে ‘Received On Date’ এবং Bill of Entry No ও Date উল্লেখপূর্বক তা রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র শুল্ক স্টেশনের রাজস্ব কর্মকর্তার নিম্নে নহে এরূপ কর্তকর্তার স্বাক্ষরে এ দপ্তরকে দাপ্তরিক ই-মেইল (monglacustoms@gmail.com) বা পত্র যোগাযোগ মাধ্যমে অবহিত করতে হবে। প্রাপ্ত তথ্য IGM (আমদানি) শাখা কর্তৃক IGM Module এ সংরক্ষণ করবেন ও Reconciliation নিশ্চিত করবেন; এবং
- (ঙ) বিষয়টি নিশ্চিত করার জন্য IGM (আমদানি) শাখা একটি রেজিস্টারে লিপিবদ্ধ করবেন এবং এরূপ পণ্যচালান এসকর্ট এ খালাসের ০৭ (সাত) দিন অতিবাহিত হওয়ার পরও ট্রান্সশিপমেন্ট চালানের Reconciliation না হলে তা অনতিবিলম্বে কমিশনারকে অবহিত করবেন।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো। এটি অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাক্ষর

(হোসেন আহমদ)

কমিশনার অব কাস্টমস্।

তারিখ : 28 OCT 2021

নথি নং-এস/০৯/প্রশাসন/অফিস আদেশ/মংলা/২০১৬-১৭/ ১৫৩২ (২৭)
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, সচিবলয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ঢাকা।
- ৩। সদস্য (শুল্ক নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সদস্য (শুল্ক নিরীক্ষা, আধুনিকায়ন ও আর্ন্তজাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী।
- ৬। সহকারী/ডেপুটি কমিশনার(সকল), মোংলা কাস্টম হাউস, মোংলা।
- ৭। সহকারী/ডেপুটি কমিশনার, রূপপুর এলসি স্টেশন।
- ৮। সহকারী প্রোগ্রামার, মোংলা কাস্টম হাউস, মোংলা (উক্ত আদেশটি এ দপ্তরের ওয়েব সাইটে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। ব্যবস্থাপনা পরিচালক, জয়েন্ট স্টক কম্পানি, রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, পাবনা।
- ১০। ব্যবস্থাপনা পরিচালক, এটম স্ট্রয় লিমিটেড, রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, পাবনা।
- ১১। পিএ টু কমিশনার/যুগ্ম কমিশনার, মোংলা কাস্টম হাউস, মোংলা।
- ১২। নোটিশ বোর্ড, মোংলা কাস্টম হাউস, মোংলা।
- ১৩। অফিস কপি।

(মোঃ মিজানুর রহমান)
ডেপুটি কমিশনার।